

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৩১, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩২০-আইন/২০১৮।—Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 91B এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

- (১) বিধি ২ এর দফা (৭) এর “কাপড়,” শব্দ এবং কমা বিলুপ্ত হইবে;
- (২) বিধি ৯ এর পর নিম্নরূপ নূতন বিধি ৯ক সন্নিবেশিত হইবে, যথা:—

“৯ক। প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।—নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার করা যাইবে না।”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
হেলালুদ্দীন আহমদ
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৬৫৫)

মূল্য : টাকা ৪.০০